

নম্বর: ৩০.০৩২.০২১.২০.০১.০০১.২০২৩/ ১৬২

তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ
২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পর্যটন করপোরেশনের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডে কর্মরত কর্মকর্তার জন্য {(বাংলাদেশ ফর্ম নং ২৯০-ঘ) ২০২০ পর্যন্ত সংশোধিত}, ১০-১২ গ্রেডে কর্মরত কর্মকর্তার জন্য {(বাংলাদেশ ফর্ম নং ২৯০-ক) ২০২০ পর্যন্ত সংশোধিত} এবং ১৩-১৬ হতে গ্রেডে কর্মরত কর্মচারীর জন্য {(বাংলাদেশ ফর্ম নং ২৯০-খ) ২০২৩ পর্যন্ত সংশোধিত} গাড়িচালকদের জন্য {(বাংলাদেশ ফর্ম নং ২৯০-চ) ২০২০ পর্যন্ত সংশোধিত} ও ১৭-২০ গ্রেডে কর্মরত কর্মচারীগণের জন্য {(বাংলাদেশ ফর্ম নং ২৯০-ঙ) ২০২৩ পর্যন্ত সংশোধিত} ২০২৩ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) সংগ্রহের লক্ষ্যে পৃথক পৃথক এসিআর ফরম কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংস্থার ওয়েব সাইটে (www.parjatan.gov.bd) আপলোড করা হয়েছে। সংস্থার ওয়েব সাইটে আপলোডকৃত কর্মকর্তা ও কর্মচারীগণের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম (PDF) ডাউনলোড করে A4 সাইজের কাগজে উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে স্বহস্তে পূরণ করতে হবে।

২। প্রসঙ্গত: উল্লেখ্য যে, নামের সিল ব্যবহার না করলে, স্বাক্ষর ও তারিখ না থাকলে অনুবেদন ফরমের কোন অংশ পূরণ না করে খালি রাখলে, এবং সময়মতো অনুবেদন ফরমের সংশ্লিষ্ট অংশের কার্য সম্পাদন শেষে প্রধান কার্যালয়ে প্রেরণ না করলে সংশ্লিষ্ট অনুবেদনাধীন কর্মকর্তা/অনুবেদনকারী কর্মকর্তা/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার অযোগ্যতা/ অদক্ষতা বলে বিবেচিত হবে।

৩। সকল কর্মসম্পাদন সম্পন্ন শেষে নির্ধারিত তারিখ অর্থাৎ ৩১/০৩/২০২৪ তারিখের মধ্যে সকল বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। উক্ত তারিখের পর কোনক্রমেই প্রশাসন শাখা কর্তৃক সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) গ্রহণ করা হবে না।

৪। কোন বিষয়ে অস্পষ্টতা থাকলে প্রধান কার্যালয়ের প্রশাসন শাখার সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

৫। উপর্যুক্ত নির্দেশাবলী ও গোপনীয় অনুবেদন ফর্ম [বাংলাদেশ ফর্ম নং-ঘ (২০২০ পর্যন্ত সংশোধিত)] এবং [‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-ক’ (২০২৩ পর্যন্ত সংশোধিত), ‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-খ’ (২০২৩ পর্যন্ত সংশোধিত), ‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-চ’ (২০২৩) ও ‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-ঙ’ (২০২৩) এসিআর ফরম পূরণ সংক্রান্ত নির্দেশাবলী সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ শওকাত হোসেন)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
১৪/১২/২৩

সংযুক্তি: (১) গোপনীয় অনুবেদন ফর্ম [বাংলাদেশ ফর্ম নং-ঘ (২০২০ পর্যন্ত সংশোধিত)]

‘গোপনীয় অনুবেদন অনুশাসনমালা ২০২০’।

(২) গোপনীয় অনুবেদন ফর্ম [‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-ক’ (২০২৩ পর্যন্ত সংশোধিত),

‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-খ’ (২০২৩ পর্যন্ত সংশোধিত), ‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-চ’ (২০২৩) ও

‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-ঙ’ (২০২৩)] ‘গোপনীয় অনুবেদন অনুশাসনমালা ২০২৩’।

নম্বর: ৩০.০৩২.০২১.২০.০১.০০১.২০২৩/ ১৬২

তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ
২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ

সদয় জ্ঞাতার্থে/স্বার্থার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতায় ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (প্রশাসন/অর্থ/বাণিজ্যিক/পরিচালনা), বাপক, ঢাকা;
- ২। মহাব্যবস্থাপক,------(সকল), বাপক;
- ৩। অধ্যক্ষ, এনএইচটিআই, বাপক, ঢাকা।
- ৪। ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক------(সকল), বাপক;
- ৫। ব্যবস্থাপক, আইসিটি শাখা, বাপক, ঢাকা-ওয়েব সাইটে প্রকাশের জন্য;
- ৬। চেয়ারম্যান এর একান্ত সচিব, বাপক, ঢাকা--চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। নোটিশ বোর্ড।

তার অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণকে উল্লিখিত বিষয়ে অবহিত ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(রাকিবুল হাসান)
উপব্যবস্থাপক (প্রশাসন)